



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ : ২০.০২.২০২১

পাবিপ্রবি'র নব নির্মিত দৃষ্টিনন্দন শহিদ মিনার উদ্বোধন

(২০.০২.২০২১) : পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নব নির্মিত শহিদ মিনার আজ শনিবার দুপুর ১২ টায় উদ্বোধন করা হয়েছে। পাবনা- ৫ আসনের সংসদ সদস্য গোলাম ফারুক খ্রিস সশরীরে উপস্থিত থেকে শহিদ মিনার শুভ উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী। এসময় উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ার খসরু পারভেজ।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নব নির্মিত দৃষ্টিনন্দন শহিদ মিনার উদ্বোধন করেন পাবনা ৫ আসনের মাননীয় সংসদ সদস্য গোলাম ফারুক খ্রিস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী। এসময় উপস্থিত ছিলেন মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ার খসরু পারভেজ সহ শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী বৃন্দ।

উদ্বোধন শেষে সংসদ সদস্য গোলাম ফারুক খ্রিস এবং উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী বিশ্ববিদ্যালয়ের লেক পরিদর্শন করেন।

শহিদ মিনার উদ্বোধন শেষে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ে স্থায়ী কোন শহিদ মিনার না থাকায় আমি যোগদান করার পর থেকেই ছাত্র-ছাত্রীদের কাছে প্রতিশ্রুতি করেছিলাম যে, বিশ্ববিদ্যালয়ে একটি কেন্দ্রীয় শহিদ মিনার নির্মাণ করবো। ছাত্র-ছাত্রীদের কাছে আমার দেওয়া সেই প্রতিশ্রুতিরই আজ বাস্তবায়ন ঘটলো। বিশ্ববিদ্যালয় উন্নয়ন প্রকল্পের আওতায় ভাষা শহিদদের স্মরণে এই শহিদ মিনার নির্মাণ করা হয়েছে। এর মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে বাংলাভাষার চেতনা আরো ছড়িয়ে পড়বে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

কোষাধ্যক্ষ বলেন, ভাষার মাধ্যমে একজন ব্যক্তির ধ্যান-ধারণা ও চিন্তা ভাবনা প্রকাশ পায়। এই শহিদ মিনারের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে বাংলাভাষার প্রতি চেতনা, ভালোবাসা ও আবেগ আরো বৃদ্ধি পাবে বলে আমি বিশ্বাস করি।

শহিদ মিনার এর নকশাকার স্থাপত্য বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র মাহবুব হাসান তুহা। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ৪৮০ কোটি টাকার উন্নয়ন প্রকল্পের কাজ চলছে। উন্নয়ন প্রকল্পের আওতায় ৫৪ লক্ষ টাকা ব্যয়ে এই শহিদ মিনার নির্মাণ করা হয়েছে। গত বছর ২১ ফেব্রুয়ারি কেন্দ্রীয় শহিদ মিনারের ভিত্তিপ্রস্তর উদ্বোধন করা হয়। নব নির্মিত শহিদ মিনারটির উচ্চতা ৫২ ফিট।

শহিদ মিনার উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষ্ঠানের ডিন, চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ। আরো উপস্থিত ছিলেন রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্ম, প্রক্টর ড. প্রীতম কুমার দাস, পরিবহন প্রশাসক ড. মো. কামরুজ্জামান, গেস্ট হাউজ প্রশাসক ড. মো. হাসিবুর রহমান, ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক ড. সমীরন কুমার সাহা, বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালক প্রকৌশলী লে. কর্নেল (অব.) জি এম আজিজুর রহমান, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি হারুন অব রশিদ ডন, সাধারণ সম্পাদক মো. সোহাগ হোসেন, কর্মচারী পরিষদের সভাপতি মো. মহিউদ্দিন, সাধারণ সম্পাদক শাহরিয়ার পাভেল, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মাহমুদ চৌধুরী আসিফ, সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম বাবু সহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. হাবিবুল্লাহ। মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্ত ঘোষণা করা হয়।

বার্তা প্রেরক

মো. বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা

মোবাইল : ০১৯১৩৩৭৬৯২৫